

প্রেক্ষাপট




টেকসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে বিদ্যমান খামার ব্যবস্থাপনার উন্নয়ন করে মাংস উৎপাদন দ্বিগুণ করা এসডিজি'র একটি অন্যতম লক্ষ্য। বাজারে মাংসের চাহিদা ও মূল্যমান থাকার কারণে ক্ষুদ্র, মাঝারি ও বাণিজ্যিক খামারভিত্তিক মাংস ও দুধ উৎপাদন (যেমন: গরু ও মহিষ হস্টপুস্টকরণ, দেশি মুরগি পালন, ছাগল বা গাভী পালন) ব্যাপক জনপ্রিয়তা পাচ্ছে এবং ক্ষুদ্র ও মাঝারি পর্যায়ের খামারিরা, এমনকি বেকার যুব সম্প্রদায় ও বিদেশ ফেরত লোকেরা এ ব্যবসায় হরহামেশা লগ্নি করছে। কিন্তু, খামার বাণিজ্যের বিষয়ভিত্তিক অজ্ঞতা থাকায়, ভুল ও অসম্পূর্ণ তথ্যের ভিত্তিতে ভাসা ভাসা জ্ঞান নিয়ে ব্যবসায় টাকা লগ্নি করে তারা লোকসানে পড়ছেন। এছাড়া দেশীয় সম্পদের পরিবর্তে (দেশি গরু, ছাগল, মুরগি) আমদানিকৃত উপকরণ (বিদেশি প্রাণির জাত ও বিভিন্ন খাদ্য) দিয়ে একদিকে তারা যেমন ক্ষতিগ্রস্ত হচ্ছেন তেমনি হারিয়ে যাচ্ছে আমাদের নিজস্ব সম্পদ (দেশীয় প্রাণি ও খাদ্য ভাণ্ডার)।




উদ্দেশ্য

খামারিরা যেন সঠিক নির্দেশনা অনুসরণ করে তাদের খামার পরিচালনা করে লাভবান হতে পারে তার জন্য একটি বিজ্ঞানভিত্তিক অ্যাপস (বিদ্যমান সকল প্রযুক্তি ও সৃজনশীল নতুন প্রযুক্তির সমন্বয়ে গরু ও মহিষ হস্টপুস্টকরণ, ছাগল পালন, দেশি মুরগি পালন ও গাভী পালন ইত্যাদি ব্যবসার জন্য নির্দিষ্ট ও পরিপূর্ণ দিক নির্দেশনা সম্বলিত) তৈরি করা।

ব্যবহৃত সৃজনশীল পদ্ধতিসমূহ

- # মোট ১৪টি ডিজিটাল ক্যালকুলেটর সংযোজন
- # দুধ প্রক্রিয়াজাত করে বিক্রি এবং এই ব্যবসার আয়-ব্যয়ের হিসাব করার ডিজিটাল ক্যালকুলেটর
- # সকল নিয়ম ও নির্দেশনার অডিও
- # ক্যালকুলেটরের মাধ্যমে খুব সহজে প্রাণির ওজন নির্ণয়
- # ডিজিটাল খাবার ক্যালকুলেটরের মাধ্যমে ওজন অনুযায়ী প্রতিদিনের জন্য পরিমিত পরিমাণ খাবার নির্ণয়
- # ডিজিটাল রেশন ক্যালকুলেটরের মাধ্যমে নিজের মতো করে উপযুক্ত দানাদার খাবার তৈরি
- # সকল প্রকার খাদ্য প্রস্তুত, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ (চিত্রিত ধাপানুসারে)
- # সঠিক সময়ে টিকা প্রদানের ছক; সময়, নিয়ম ও ডোজ (চিত্র সহকারে)
- # অন্যান্য আনুসঙ্গিক সকল বিষয়ের ব্যবহারিক সমাধান (চিত্র সহকারে)





উদ্যোগের ফলে সৃষ্ট প্রভাব

- # অল্প সময়ে খামারিরা অধিক লাভবান হচ্ছেন
- # খাদ্য খরচ আগের তুলনায় অর্ধেক নেমে এসেছে
- # প্রাণির রোগ-বালাই কম হচ্ছে
- # খাদ্য, প্রাণি ও অন্যান্য উপকরণ জোগাড় করার ক্ষেত্রে পরনির্ভরশীলতা কমে গেছে
- # বেকার যুব সম্প্রদায় খামার ব্যবসার সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হচ্ছে
- # সমাজের পিছিয়ে পড়া নারীরা সাবলম্বী হওয়ার উপায় খুঁজে পাচ্ছেন

খামারগুরুর সাথে থাকি দেশের সম্পদ সমৃদ্ধ করি

একটি ডিজিটাল বাংলাদেশ তৈরির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার গত দশ বছর ধরে অবিরাম পরিশ্রম করে যাচ্ছে। এরই ফলশ্রুতিতে আজকে বাংলাদেশের মানুষের হাতে হাতে পৌঁছে গেছে মোবাইল ফোন ও ইন্টারনেট। একটি সার্থক ডিজিটাল বাংলাদেশ নির্মাণের ফলেই বিএলআরআই-এর পক্ষে সম্ভব হয়েছে খামার বিষয়ের যাবতীয় জ্ঞান খামারগুরু মোবাইল অ্যাপের মাধ্যমে মানুষের হাতের মুঠোয় এনে দেয়া। এটি এমন একটি মোবাইল অ্যাপ যা হাতে থাকলে কোনো খামারিকে কোনো তথ্যের জন্য কোথাও যেতে হবে না, সে নিজে নিজেই একটি লাভজনক খামার প্রতিষ্ঠা করতে পারবে।

উদ্ভাবক

খামারগুরু

নাজমুল হুদা

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

বিএলআরআই প্রকাশনা নং : ৩২৭

প্রথম সংস্করণ : ২০০০ (বিশহাজার) কপি

প্রকাশকাল : ডিসেম্বর ২০২১ খ্রি:

প্রকাশনায়:

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট


সাভার, ঢাকা - ১৩৪১

ফোন : ৭৭৯১৬৭০-২, ফ্যাক্স : ৭৭৯১৬৭৫

বিএলআরআই কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

www.blri.gov.bd

খামারগুরু



ডাউনলোড করতে
স্ক্যান করুন



www.khamarguru.com